দৈনিক বাংলা

তারিখ ... 03 APR 1990
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2

38

## স্কুল সরকারীকরণের আবেদন

মহানগরীর লালবাগ থানাধীন ওয়েস্ট এন্ড হাই স্কুল এক সময় শিক্ষা ক্ষেত্রে এক গৌরবোজ্জল ভূমিকা পালন করেছে। স্বাধীনতা উত্তরকালে নানা প্রতিকূল অবস্থার কারণে এ স্কুলের ঐতিহ্য ক্ষুন্ন হতে থাকে। অথচ লালবাগ ও সংলগ্ন এলাকার ছেলেমেয়েদের শিক্ষার জন্য এই প্রতিষ্ঠানটি এখনো সবচেয়ে বেশী নির্ভরযোগ্য।

(৪-এর কঃ দ্রঃ)

(৩-এর কঃ পর)

প্রসংগত উল্লেখযোগ্য গত ১-৩-৯০ ইং তারিখের পত্রিকার খবরে আমরা জানতে যাই যে মহামান্য রাষ্ট্রপতির নির্দেশ ঢাকা মহা নগরীতে আরও ১৩টি নতুন সরকারী মাধ্যমিক স্কুল স্থাপিত হতে যাচ্ছে। এটা নিঃসন্দেহে সুখের কথা। এই প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আমরা আবেদন জানাচ্ছি ওয়েস্ট এন্ড হাই স্কুলকেও এসব স্কুলের অন্তর্ভুক্ত করে একে সরকারীকরণের ব্যবস্থা করা হোক। উল্লেখ্য লালবাগ থানায় কোন সরকারী মাধ্যমিক বিদ্যালয় নেই। তাছাড়া বর্তমানে বেসরকী মাধ্যমিক স্কুলে বেতনের হার অনেক বেশী। ফলে এলাকার গরীব অথচ মেধাবী ছেলেরা এসব স্কুলে শিক্ষা লাভের সুযোগ গ্রহণ করতে পারছে না। তাই এ এলাকায় একটি সরকারী হাই স্কুল থাকা একান্ত প্রয়োজন। আর এ প্রয়োজন ওয়েস্ট এন্ড হাই স্কুলকে সরকারীকরণ করেই সহজে পূরণ করা যেতে পারে। এ প্রসংগে আরও উল্লেখযোগ্য যে এ এলাকায় মেয়েদের জন্য দুইটি বেসরকারী (অগ্রনী ও আজিমপুর গার্লস )স্কুল আছে।, যেগুলি বর্তমানে এক শিফটে পরিচালিত হচ্ছে। এই স্কুল দুইটিকে সরকারীকরণ করে যদি দুই শিফট চালুর ব্যবস্থা করা হয় তা হলে এলাকার অভিভাবকেরা মেয়েদের ভর্তির ব্যাপারে হয়রানি ও দুশ্চিন্তা থেকে রেহাই পেতেন তাই এ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

আসাদউল্লাহ পাটোয়ারী,
৬/৪ শেখ সাহেব বাজার, ঢাকা।